



স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.১৪২.১৬.০০৭.২০২০-৫৪

তারিখ: ৬ কার্তিক ১৪২৭

২২ অক্টোবর ২০২০

বিষয়: ভোলা জেলার লালমোহন উপজেলাধীন মহিষখালী মস্তাজ উদ্দিন দাখিল মাদ্রাসা-এর ডিআইএ এর প্রতিবেদনের আলোকে প্রণীত ব্রডশীট জবাবের উপর টিএমইডি এর নির্দেশনা বাস্তবায়নক্রমে প্রমাণকসহ তথ্য প্রেরণ।

সূত্র: টিএমইডি এর স্মারক নং-৫৭.০০.০০০০.১৪২.১৬.০০৭.২০২০-১৭, তারিখ: ২১.০১.২০২০ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রসহ স্মারকের আলোকে জানানো যাচ্ছে যে, ভোলা জেলার লালমোহন উপজেলাধীন মহিষখালী মস্তাজ উদ্দিন দাখিল মাদ্রাসার পরিদর্শন ও নিরীক্ষা প্রতিবেদনের ব্রডশীট জবাব এর উপর কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ নির্দেশনা প্রদান করে ডিজি, ডিএমই ও সুপার বরাবর পত্র প্রেরণ করা হয়।

০২. উল্লেখিত পত্রে পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর কর্তৃক আপত্তি নিম্নরূপ:

বিএসআর এর ক্র: নং	ডিআইএ এর আপত্তি	প্রতিষ্ঠান প্রধানের জবাব	ডিজি, ডিএমই এর সুপারিশ	টিএমইডি এর নির্দেশনা
১	২	৩	৪	৫
৫ (ক)	বিগত পরিদর্শন: পূর্ববর্তী অডিটে ১৩(ত) অনুচ্ছেদে সহকারী সুপার জনাব আ.ন.ম আলমগীর এর ২৭,৭৫৯/৫৭ টাকা ও ১৩(থ) অনুচ্ছেদে সহকারী মৌলভী জনাব এ.বি.এম সফিউল্লাহ এর ২৯,৮৯৪/- টাকা ফেরতের সুপারিশ করা হয়।	প্রতিষ্ঠানটি বিগত ১৮/০৫/২০০০ তারিখের পরিদর্শন ও নিরীক্ষা প্রতিবেদনের ১৩(ত) অনুচ্ছেদে সহকারী সুপার জনাব আ.ন.ম আলমগীর এর আপত্তিকৃত ২৭,৭৫৯/৫৭ টাকা ও ১৩(থ) অনুচ্ছেদে সহকারী মৌলভী জনাব এ.বি.এম সফিউল্লাহ এর ২৯,৮৯৪/- টাকা ফেরতের সুপারিশ করায় তারা উভয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ১৫০ টাকার স্ট্যাম্প প্রতি মাসে ৫০০ টাকা জমা দেয়ার জন্য অঙ্গীকারবদ্ধ হন এবং প্রতি মাসে টাকা জমার মাধ্যমে উক্ত টাকা ফেরৎ দিয়েছেন বলে মৌখিকভাবে প্রতিষ্ঠানে যোগদানের পূর্বে তারা উভয়ে অন্য প্রতিষ্ঠানে চলে যান।	টাকা জমা প্রদানের প্রমাণক প্রেরণ সাপেক্ষে উক্ত আপত্তি নিষ্পত্তি করা যেতে পারে।	ডিজি, ডিএমই কর্তৃক অর্থ আদায়ের ব্যবস্থা গ্রহণ না করে শুধু টাকা জমা প্রদানের প্রমাণক দাখিলের শর্তে আপত্তি থেকে অব্যাহতি প্রদানের সুপারিশ করা হয়েছে যা যথাযথ হয়নি। (১) সহকারী সুপার জনাব আ.ন.ম আলমগীর এর আপত্তিকৃত ২৭,৭৫৯/৫৭ টাকা চালানোর মাধ্যমে সরকারি কোষাগারে জমা প্রদান করে উহার অনলাইন যাচাই কপিসহ আগামী ৩০/০১/২০২০ তারিখের মধ্যে টিএমইডি-তে প্রেরণের জন্য ডিজি, ডিএমই-কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো। (২) সহকারী মৌলভী জনাব এ.বি.এম সফিউল্লাহ এর আপত্তিকৃত ২৯,৮৯৪/- টাকা চালানোর মাধ্যমে সরকারি কোষাগারে জমা প্রদান করে উহার অনলাইন যাচাই কপিসহ আগামী ৩০/০১/২০২০ তারিখের মধ্যে টিএমইডি-তে প্রেরণের জন্য ডিজি, ডিএমই-কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৩. উপরিলিখিত ছকে বর্ণিত ০৫ নং কলামের নির্দেশনা বাস্তবায়ন করে প্রমাণক ৩০.০১.২০২০ খ্রি. তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণ করার কথা থাকলেও অদ্যাবধি (ইতোমধ্যে প্রায় ৭ মাস অতিক্রান্ত হওয়া সত্ত্বেও) তা পাওয়া যায়নি যা সুস্পষ্ট সরকারি নির্দেশনা অমান্যের সাক্ষ্য।

০৪. এমতাবস্থায়, উপরিউক্ত ছকের ৫ নং কলামের নির্দেশনা বাস্তবায়ন করে প্রমাণক আগামী ১২.১১.২০২০ খ্রি. তারিখের মধ্যে টিএমইডি-তে আবশ্যিকভাবে প্রেরণ নিশ্চিত করার জন্য মহোদয়কে নির্দেশক্রমে ২য় বারের মতো অনুরোধ করা হলো।



২২-১০-২০২০

নূরজাহান বেগম

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯৫৭৫২৭২

মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ গার্লস গাইড
এসোসিয়েশন, গাইড হাউজ, ৭ম ও ১০ম তলা, নিউ বেইলী
রোড, ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.১৪২.১৬.০০৭.২০২০-৫৪/১(৯)

তারিখ: ৬ কার্তিক ১৪২৭
২২ অক্টোবর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব মহোদয়, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩) জনসংযোগ কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ✓ ৪) সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫) সভাপতি, মহিষখালী মত্তাজ উদ্দিন দাখিল মাদ্রাসা, লালমোহন, ভোলা।
- ৬) সুপার, মহিষখালী মত্তাজ উদ্দিন দাখিল মাদ্রাসা, লালমোহন, ভোলা।
- ৭) অতি:সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। {অতি:সচিব (অডিট ও আইন) মহোদয়ের সদয় অবগতির জন্য}
- ৮) উপ-সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। {উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের সদয় অবগতির জন্য}
- ৯) অফিস কপি, মাষ্টার কপি।



২২-১০-২০২০

নূরজাহান বেগম

সিনিয়র সহকারী সচিব